

কর্মসংস্থান ব্যাংক



(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

শাখা নিয়ন্ত্রণ বিভাগ।

www.kb.gov.bd
Email: bcd@kb.gov.bd

বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪' বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ওয় অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ২১ মার্চ ২০২৪, সকাল- ১০.৩০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সদস্য সচিব জনাব মোঃ লুৎফর রহমান এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৩ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা - ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে হালনাগাদ (সভার তারিখ, সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, যোগাযোগের ঠিকানা, সেবার মূল্য তালিকা ইত্যাদি) করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, চলতি অর্থবছরে বিভাগীয়/জেলা/ উপজেলা পর্যায়ে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার ব্যাংকের ওয়েবসাইটে লিংক আকারে সংযুক্তির নির্দেশনার পরিপ্রেক্ষিতে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয় কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে। গত ত্রৈমাসিকে বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এবং শাখার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক ২৬.১২.২০২৩ তারিখে প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে লিংক আকারে সন্নিবেশ করা হয়েছে। চলতি ত্রৈমাসিকেও বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এবং শাখার সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে লিংক আকারে সন্নিবেশ করা হবে।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ ও আইটি বিভাগ


৪

চলমান পাতা-০২

৫

০৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা- ২০২৩-২০২৪ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রার এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক চলতি ত্রৈমাসিকে ০৬.০২.২০২৪ তারিখে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলে অবহিত করেন। এছাড়া, আগামী ত্রৈমাসিকে আরো প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করবেন বলে জানান।	অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট
০৪.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।	অংশীজনদের অংশগ্রহণে ০১টি সভা আয়োজন করা হয়েছে। আয়োজনের তারিখ: ০৪.০৩.২০২৪ ও স্থান: জয়ন্তী সোসাইটি, ২২/সি মুজিব সড়ক, যশোর। আগামী ত্রৈমাসিকেও অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মুনোজ রায়)

উপমহাব্যবস্থাপক

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ও

সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা


বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৪- ৭৯৯

তারিখ: ২১ মার্চ ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্বে) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিঃ দাঃ), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। অফিস নথি।



(মোঃ লুৎফর রহমান)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ও

সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা

বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি